

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮১

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭  
২৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯.৩০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থা: মৌসুমী বায়ুর অক্ষ উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় বিরাজ করছে।

পূর্বাভাস: খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও রংপুর বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ এবং সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এই সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.২	৩২.৮	৩৪.০	৩৩.৫	৩৫.১	৩২.৭	৩৪.৭	৩৩.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.০	২৬.২	২৫.০	২৫.০	২৬.২	২৪.৭	২৬.৮	২৬.১

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৫.১° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২৪.৭° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

### নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০১	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
বৃদ্ধি	৪৪	বিপদসীমার উপরে নদীর সংখ্যা	০৭
হ্রাস	৫০	বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা	০৮
অপরিবর্তিত	০৭	-	-

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউরো)

### বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১৪ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

ক্রঃ নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
	কুড়িগ্রাম	কুড়িগ্রাম	ধরলা	২৬.৭১	-১৩	২৬.৫০	+২১
	রংপুর	বদরগঞ্জ	যমুনেশ্বরী	৩২.৯২	+০৩	৩২.১৫	+৭৭
	বগুড়া	চক রহিমপুর	করতোয়া	২০.৯২	+২৪	২০.১৫	+৭৭
	বগুড়া	সারিয়াকান্দি	যমুনা	১৬.৭৮	+০১	১৬.৭০	+০৮
	নাটোর	সিংড়া	গুড়	১৩.৫৫	+০৯	১২.৬৫	+৯০
	নওগাঁ	নওগাঁ	ছোট যমুনা	১৫.২৯	+১১	১৫.২৫	+০৪
	নওগাঁ	মহাদেবপুর	আত্রাই	১৮.৮৬	+১৬	১৮.৫৯	+২৭
	নওগাঁ	আত্রাই	আত্রাই	১৪.২৭	+১৭	১৩.৭২	+৫৫

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউরো)

### বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
বান্দরবান	৬৪.০	ব্রাহ্মণবাড়িয়া	৪২.০

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউরো)

### অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ২৭ সেপ্টেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৮ সেপ্টেম্বর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৪ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৫	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	৫	১	০
৬।	রংপুর	০	০	০
৭।	চট্টগ্রাম	১	০	০
৮।	খুলনা	৩	০	০
	<b>মোট</b>	<b>১৪</b>	<b>১</b>	<b>০</b>

### বজ্রপাতঃ

১। **ঠাকুরগাঁওঃ** জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং-৫১.০১.৯৪০০.০০০.৪১.০০২.১৭-৫৭৫; তারিখঃ ২৭/০৯/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছেন যে, বর্ণিত জেলায় রাণীশংকৈল উপজেলায় বজ্রপাতে ০২ (দুই) জন ব্যক্তি নিহত হন। নিহত ব্যক্তির তথ্য নিম্নরূপঃ

### টেবিলঃ ক (নিহত ব্যক্তির তালিকা)

ক্রঃ নং	উপজেলার নাম	নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা	ঘটনার তারিখ	কারণ	মন্তব্য
১	রাণীশংকৈল	মোঃ আরিফুল ইসলাম (১০), পিতা- মোঃ নাসিরুল ইসলাম, গ্রাম- দুর্লভপুর, ইউনিয়ন- নেকমরদ	২৬/০৯/২০২০ খ্রিঃ দুপুর ১.৩০ ঘটিকা	বজ্রপাতে নিহত	কোন আর্থিক সহায়তা প্রদান করা হয়নি।
২		মোঃ আঃ আলিম (২০), পিতা- মোঃ আবুল কামাল, গ্রাম- দুর্লভপুর, ইউনিয়ন- নেকমরদ	২৬/০৯/২০২০ খ্রিঃ সকাল ১.৩০ ঘটিকা	বজ্রপাতে নিহত	

### সাম্প্রতিক বন্যায় রংপুর জেলায় বরাদ্দঃ

সাম্প্রতিক অতিবৃষ্টির কারণে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তার জন্য নিম্নের ছক মোতাবেক রংপুর জেলার পার্শ্বে উল্লিখিত পরিমাণ ত্রাণ কার্য (নগদ) জেলা প্রশাসক, রংপুর-এর অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য তাঁর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলোঃ

ক্রঃ নং	জেলার নাম	ত্রাণ কার্য (নগদ) বরাদ্দের পরিমাণ
০১	রংপুর	৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)

সূত্রঃ ত্রাণ কর্মসূচী-১ শাখার স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.৩৫৮; তারিখঃ ২৮-০৯-২০২০ খ্রিঃ।

### নারায়ণগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে গত ০৪/০৯/২০২০ খ্রিঃ তারিখে সংগঠিত অগ্নি বিস্ফোরণঃ

নারায়ণগঞ্জের জেলা প্রশাসক এর কার্যালয় এর পত্র নং ৫১.০১.৬৭০০.২০৬.৯৭.০০১.১৯.৮৪৯, তারিখঃ ২৯/০৯/২০২০খ্রিঃ (ই-মেইলে প্রাপ্তির সময় ০১:৪৬ টায়) এর মাধ্যমে জানানো হয়েছে যে, নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলায় নারায়ণগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে ০৪/০৯/২০২০ খ্রিঃ তারিখ রাত ০৮.৩০ টার সময় মসজিদে অগ্নিকান্ড সংগঠিত হয়ে

প্রায় ৩৭ জন মুসুল্লি ও ১ জন পথচারী অগ্নিদগ্ধ হয়। অগ্নিদগ্ধ ব্যক্তিদেরকে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউটে ভর্তি করা হয়। সর্বশেষ খবর মোতাবেক আহতদের মধ্যে ৩৪ জন মৃত্যুবরণ করেন, পথচারীসহ ২ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন, বাকি ২ জন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। মৃত ব্যক্তিদের পরিবারকে প্রত্যেকের দাফন-কাফনের ব্যয় বাবদ ২০,০০০/- টাকা হারে এবং আহতদের প্রতি পরিবারকে ১০,০০০/- টাকা করে মানবিক সহায়তা প্রদান করা হয়েছে। অগ্নিদগ্ধ পরিবারের মাঝে পরিবার প্রতি ৩০ কেজি হারে খাদ্যশস্য (চাল) বিতরণ করা হয়েছে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর তহবিল হতে ৩৮ পরিবারের মধ্যে ৩৫ পরিবারকে ৫ (পাঁচ) লক্ষ টাকা করে প্রদান করা হয়েছে (৩ টি পরিবারের নিহত ২ জন করে হওয়ায় ৩৮ পরিবারের মধ্য হতে ৩৫ পরিবারের মাঝে অনুদান প্রদান করা হয়েছে)। জেলা প্রশাসন, নারায়ণগঞ্জ কর্তৃক বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ এর নেতৃত্বে অতিরিক্ত পুলিশ সুপার, ডিজিএম (তিতাস গ্যাস), নির্বাহী প্রকৌশলী (ডিপিডিসি) উপ-সহকারী পরিচালক (ফায়ার সার্ভিস) ও সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জের সমন্বয়ে ৫ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এছাড়া বিভিন্ন কর্তৃপক্ষ/সংস্থা ভিন্ন ভিন্ন তদন্ত কমিটি গঠন করেছে। নিহত ব্যক্তিদের তথ্য নিম্নরূপঃ

(ক) নিহত ব্যক্তিদের তথ্যাদি:

ক্রম	নিহত ব্যক্তির নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	আবেদনকারীর নাম, ঠিকানা ও মোবাইল নং এবং নিহতের সাথে সম্পর্ক
১	মোস্তুফা কামাল (৩৪) পিতা: করিম মিজি	সাং-জজকোর্ট সংলগ্ন, চাঁদপুর সদর, চাঁদপুর	লুবনা আক্তার (স্ত্রী), সাং-জজকোর্ট সংলগ্ন, চাঁদপুর সদর, চাঁদপুর। মোবা: ০১৬৮৭৫২২৭৭৪।
২	রিফাত (১৮) পিতা- অনোয়ার হোসেন	সাং-নিউ খানপুর, ব্যাংক কলোনী, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ	আনোয়ার হোসেন (পিতা), সাং-নিউ খানপুর, ব্যাংক কলোনী, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ, মোবা: ০১৯৮৬৩৯৯১২৬।
৩	জুবায়ের (১৮) পিতা: নুরউদ্দিন	সাং-কালিয়াপ্রসাদ, থানা: নড়িয়া, জেলা-শরীয়তপুর	মো:নুরউদ্দিন (পিতা), সাং-কালিয়াপ্রসাদ, থানা: নড়িয়া, জেলা-শরীয়তপুর, মোবা: ০১৮৭৭৬৮১৩৪৯।
৪	সাক্বির (২১) পিতা : নুরউদ্দিন	সাং কালিয়াপ্রসাদ, থানা নড়িয়া, জেলা- শরীয়তপুর	মো:নুরউদ্দিন (পিতা), সাং-কালিয়াপ্রসাদ, থানা: নড়িয়া, জেলা-শরীয়তপুর, মোবা: ০১৮৭৭৬৮১৩৪৯।
৫	কুদ্দুস বেপারী (৭০) পিতা: জাইন উদ্দিন বেপারী	সাং-হাটবেপজিয়া, থানা- লৌহজং, মুন্সীগঞ্জ	শান্তা ইসলাম (স্ত্রী), সাং-হাটবেপজিয়া, থানা-লৌহজং, মুন্সীগঞ্জ, (মোবা: ০১৬৮২৫২০৩৮৪ ছেলে-সুমন)।
৬	হুমায়ুন কবির (৭০) পিতা- কফিলউদ্দিন শেখ	সাং-পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ	মমতাজ বেগম (স্ত্রী), সাং-পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোবা: ০১৬৭০৮৭৮৬৫৪।
৭	ইব্রাহীম (৪৩) পিতা-আ: খালেক বিশ্বাস	গ্রাম: দরিতাল্লুক, উপজেলা: পটুয়াখালী, জেলা: পটুয়াখালী	নাসরীন বিশ্বাস (স্ত্রী), গ্রাম: দরিতাল্লুক, উপজেলা: পটুয়াখালী, জেলা: পটুয়াখালী, মোবা: ০১৯৫৭৭৭৩৯১৬।
৮	দেলোয়ার হোসেন (৪৮) পিতা: মোঃ সাইফুল ইসলাম	সাং-বদরপুর, থানা: নাঙ্গলকোট, জেলা - কুমিল্লা	উম্মে সালমা (স্ত্রী), সাং-বদরপুর, থানা: নাঙ্গলকোট, জেলা - কুমিল্লা, মোবা: ০১৮২৭৮৬৮৭১।

৯	জুনায়েদ (১৭) পিতা : দেলোয়ার	সাং-বদরপুর, থানা: নাঙ্গলকোট, জেলা -কুমিল্লা	উম্মে সালমা (মাতা), সাং-বদরপুর, থানা: নাঙ্গলকোট, জেলা- কুমিল্লা, মোবা: ০১৮২৭৮৬৮৭১।
১০	জামাল (৪০) পিতা- বেলায়েত বারী	সাং -কাউখালী, রাংগাবালী, পটুয়াখালী	মোসা:মাহিনুর (স্ত্রী), সাং-কাউখালী, রাংগাবালী, পটুয়াখালী, মোবা: ০১৭৫৭৭৪৮৮৭০।
১১	রাসেদ (৩০) পিতা-খালেক হাওলাদার	গ্রাম-জয়মানিক, থানা গলাচিপা,পটুয়াখালী	মোসা: নাহিদা খানম (স্ত্রী), গ্রাম-জয়মানিক, থানা- গলাচিপা, পটুয়াখালী, মোবা: ০১৭০৬৪৬০৯৩১।
১২	জয়নাল (৫০) পিতা- আনোয়ার	সাং-তল্লা, থানা-ফতুল্লা, নারায়ণগঞ্জ	রেহেনা (স্ত্রী), সাং-তল্লা, থানা-ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোবা: ০১৯১৪৫৯৮২২১।
১৩	নয়ন (২৭) পিতা: মেহের আলী	সাং-পলাশী থানা- আদিতমারী, জেলা -লালমনিরহাট	মোসা: বুলবুলি বেগম (মাতা), সাং-পলাশী থানা-আদিতমারী, জেলা-লালমনিরহাট, মোবা: ০১৭১৭৫৯৫২৪৬।
১৪	মাইনুদ্দিন (১২) পিতা- মো:মহসীন খান	সাং-শেখদী মন্ত্রী খানবাড়ী, থানা- ফরিদগঞ্জ	মো:মহসীন খান (পিতা), সাং-শেখদী মন্ত্রী খানবাড়ী, থানা- ফরিদগঞ্জ, মোবা: ০১৭২১৯৩৪৮৫৬।
১৫	রাসেল (৩৪) পিতা - সেকান্দার মিয়া	সাং-তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ	আকলিমা আক্তার (মাতা), সাং-তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোবা: ০১৪০৯৩৫৪০৮২।
১৬	কাঞ্চন হাওলাদার (৫০) পিতা-কাদির হাওলাদার	সাং-মিরের ডাংগা, খানজাহান আলী, খুলনা	শেফালী বেগম (স্ত্রী), সাং-মিরের ডাংগা, খানজাহান আলী, খুলনা, মোবা: ০১৯২৮৮৯৫৯২৬।
১৭	বাহার উদ্দিন (৫৫) পিতা-আ: খালেক	সাং- পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ	সাজেদা বেগম (স্ত্রী), সাং- পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ, (মোবা: ০১৯১৬৫০০৪০৩ ছেলের)।
১৮	মিজান (৩৯) পিতা: শাহাজাহান কেদা	সাং- হাফুয়াখালী, থানা- রাঙ্গাবালী, পটুয়াখালী	মোসা: কুলসুম (স্ত্রী), সাং- হাফুয়াখালী, থানা-রাঙ্গাবালী, পটুয়াখালী, মোবা: ০১৭১৯৮৩৪৫৫৮,
১৯	মো: আব্দুল মালেক (৬০), ইমাম পিতা: আব্দুস সোবহান	সাং-তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ	আসমা বেগম, (স্ত্রী), সাং-তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ মোবা: ০১৬৩০১২৫০৬৫।
২০	শামীম হাসান (৪৫) পিতা: আ: আজিজ	সাং- পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ	সুফিয়া বেগম (স্ত্রী), সাং- পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোবা: ০১৭০০৮৯১৬০২।
২১	নাদিম আহমেদ (৪৫) পিতা-মৃত: মজিদ মিয়া	খানপুর মেইনরোড, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ	রিমা আহমেদ (স্ত্রী), খানপুর মেইনরোড, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ, মোবা: ০১৯৪৫১০৪০৯৬।

২২	জুলহাস ফরাজী (৩০) পিতা: বাচ্চু ফরাজী	বাহেরচর, রাংগাবালী, পটুয়াখালী	রাহিমা (স্ত্রী), বাহেরচর, রাংগাবালী, পটুয়াখালী, মোবা: ০১৭৬৫৭৪৫৪৫৭।
২৩	জুয়েল (৭) পিতা-জুলহাস ফরাজী	বাহেরচর, রাংগাবালী, পটুয়াখালী	রাহিমা (মাতা), বাহেরচর, রাংগাবালী, পটুয়াখালী, মোবা: ০১৭৬৫৭৪৫৪৫৭।
২৪	মো: আলী মাস্টার (৬৫) পিতা: মকবুল হোসেন বেপারী	তল্লা, সবুজবাগ, ফতুল্লা, নারায়ণগঞ্জ	রোকেয়া বেগম (স্ত্রী), তল্লা, সবুজবাগ, ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোবা: ০১৯৬০২৬৪৫০৯(ছেলে)।
২৫	আ: বাশার মোল্লা (৫১) পিতা: খালেক মোল্লা	চরলক্ষীপুর, চিলাচর, মাদারীপুর সদর, মাদারীপুর।	মোসা: তাজিয়া (স্ত্রী), চরলক্ষীপুর, মাদারীপুর মোবা: ০১৭৪৬৮৩৬১১৩ (ছেলে)।
২৬	মনির ফরাজী (৩০) পিতা: সোবাহান ফরাজী	বারঘরিয়া, বাকেরগঞ্জ, বরিশাল	জেসমিন আক্তার (স্ত্রী), বারঘরিয়া, বাকেরগঞ্জ, বরিশাল, মোবা: ০১৩০৫৭৪২৫৯১।
২৭	ইমরান (৩০) পিতা: আলাল	লুনসি, থানা: নড়িয়া, শরীয়তপুর	মুক্তা আক্তার (স্ত্রী), লুনসি, থানা: নড়িয়া, শরীয়তপুর, মোবা: ০১৮৩৬২০০৩০৭।
২৮	হান্নান (৫০) পিতা: মৃত: আফজাল	সাং-তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ	শাহানাজ বেগম (স্ত্রী), সাং-তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোবা: ০১৯১২৭৮৮৬১১ (ছেলে)।
২৯	আ: সান্তার (৪০) পিতা: আ: মন্নান	সাং-পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ	রুবি (স্ত্রী), সাং-পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোবা: ০১৮৯২-৭৪০২৬২
৩০	শেখ ফরিদ (২১) পিতা- এমদাদুল হক	সাং-চর আলগী, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ	এমদাদুল হক (পিতা), সাং-চর আলগী, পাকুন্দিয়া, কিশোরগঞ্জ, মোবা: ০১৯১০৮০৭১৮৯।
৩১	নজরুল ইসলাম (৫০) পিতা: রাজ্জাক	নিজার হাওলা, থানা রাংগাবালী, পটুয়াখালী	আখিনুর বেগম (স্ত্রী), নিজার হাওলা, থানা রাংগাবালী, পটুয়াখালী, (মোবা: ০১৭৯৫৪৬৯৭৮৯ ছোট ছেলে-মনির), (০১৭০৪০৯৮৭২৪ বড় ছেলে-সুমন)।
৩২	আ: আজিজ (৪০) পিতা-মান্নান মিয়া	কেদরপুর, নড়িয়া, শরীয়তপুর	আসমা বেগম (স্ত্রী), বর্তমান ঠিকানা: পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ। স্থায়ী ঠিকানা: কেদরপুর, নড়িয়া, শরীয়তপুর, মোবা: ০১৭৯৪১৬২৭৪৯।
৩৩	ফরিদ (৫৫) পিতা- মৃত: আঃ রহমান	সাং-আমিয়ান ডাংগরী, পোঃ আউলিয়া নগর, থানা- ত্রিশাল, ময়মনসিংহ	রিমা বেগম (স্ত্রী), সাং-আমিয়ান ডাংগরী, পোঃ আউলিয়া নগর, থানাঃ ত্রিশাল, ময়মনসিংহ, (মোবাঃ ০১৯৩৫-২১৪০৩৫, খালাতো ভাই)
৩৪	সিফাত (১৮) পিতা- মোঃ স্বপন মিয়া	পশ্চিম তল্লা, নারায়ণগঞ্জ	মোঃ স্বপন মিয়া (পিতা), পশ্চিম তল্লা, নারায়ণগঞ্জ, মোবাইল-০১৯৮৫ ৭৯৯৮২০

(খ) আহত ব্যক্তিদের তথ্যাদি:

ক্রম	আহত ব্যক্তির নাম /বয়স	পিতা/স্বামীর নাম	স্থায়ী ঠিকানা	বৈধ অবিভাবকের নাম
------	---------------------------	---------------------	----------------	-------------------

১	কেনান (২৪)	পিতা-চুন্সু মিয়া	সাং- ফুলখালী, রাংগাবালী, পটুয়াখালী	চুন্সু মিয়া (পিতা), সাং- ফুলখালী, রাংগাবালী, পটুয়াখালী, মোবা: ০১৭৯২৬০৮৮৬৬
২	আমজাদ (৩৭)	পিতা- আ: আহাদ	সাং-বশিরহাট, থানা: কোম্পানীগঞ্জ, নোয়াখালী।	তানজিলা আক্তার (স্ত্রী), পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোবা: ০১৬৩২৪৭৩৫৭৫

(গ) চিকিৎসা শেষে অব্যাহতি প্রাপ্ত ব্যক্তির তথ্যাদি:

ক্রম	আহত ব্যক্তির নাম /বয়স	পিতা/স্বামীর নাম	স্থায়ী ঠিকানা	বৈধ অভিভাবকের নাম
১	মামুন (২৩)	পিতা: লতিফ হাওলাদার	সাং-চরবয়রা, দুমকী, পটুয়াখালী	লতিফ হাওলাদার (পিতা), সাং-চরবয়রা, দুমকী, পটুয়াখালী, মোবা:
২	ছালমা বেগম	স্বামী: মো:আমির হোসেন	পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ	মো:আমির হোসেন (স্বামী), পশ্চিম তল্লা, ফতুল্লা, নারায়ণগঞ্জ ০১৬০০-১৫৭৫৫৮

\* মামুন অগ্নিদগ্ধ হয়ে হাসপাতালে ভর্তি হয় এবং চিকিৎসা গ্রহণ করে সুস্থ হওয়ার পরে তাকে অব্যাহতি দেয়া হয়। \* ছালমা বেগম পথচারী হিসেবে আহত হয়, প্রাথমিক চিকিৎসা শেষে তাকে হাসপাতাল থেকে অব্যাহতি দেয়া হয়।



২৯-৯-২০২০

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮১/১(১৬৬)

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৭

২৯ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



২৯-৯-২০২০

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা